মেহেরপুরে বিএফএফ-সমকাল জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা

মেহেরপুরে বিএফএফ-সমকাল জাতীয় স্কুল বিজ্ঞান বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়েছে। বৃহস্পতিবার (১৭ সেপ্টেম্বর) সকাল ৯টা থেকে প্রতিযোগিতার কার্যক্রম শুরু হয়ে বেলা আড়াইটায় শেষ হয়। মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের হলরুমে এ বিতর্ক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়।

চূড়ান্ত প্রতিযোগিতা শেষে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় (গাংনী) চ্যাম্পিয়ন হয়েছে। রানার্সআপ হয়েছে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ। জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয়ের ইলমা বিনতে আরিফ শ্রেষ্ঠ বক্তা নির্বাচিত হন। চ্যাম্পিয়ন দলের অপর দুই বিতার্কিক হলেন মোছা. সুবর্ণা খাতুন ও মোছা. রজনী আক্তার রিম্পা।

বিতর্ক প্রতিযোগিতায় বিচারক হিসেবে দায়িত্ব পালন করেন গাংনী সরকারি ডিগ্রি কলেজের সহকারী অধ্যাপক (অব.) মো. এনামুল আযীম, গাংনী সরকারি ডিগ্রি কলেজের পদার্থবিজ্ঞান বিভাগের সহকারী অধ্যাপক মো. সাজ্জাদুজ্জামান এবং এস.এম. জোহা কলেজের শিক্ষক মোহা. মখলেচুর রহমান।

নকআউট ভিত্তিতে বিতর্ক প্রতিযোগিতাটি অনুষ্ঠিত হয়। দ্বিতীয় পর্বে মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়, মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়, জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় এবং মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ অংশ নেয়।

মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয় ও মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের মধ্যে প্রতিযোগিতায় মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজ ফাইনালে ওঠে। অপরদিকে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ও মেহেরপুর সরকারি উচ্চ বালিকা বিদ্যালয়ের মধ্যে প্রতিযোগিতায় জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় ফাইনালে ওঠে। পরে ফাইনালে মেহেরপুর মাধ্যমিক বালিকা বিদ্যালয় ও কলেজের বিপক্ষে প্রতিদ্বন্দ্বিতা করে জোড়পুকুরিয়া মাধ্যমিক বিদ্যালয় (গাংনী) চ্যাম্পিয়ন হওয়ার গৌরব অর্জন করে।

প্রতিযোগিতা শেষে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের সনদ এবং বিজয়ী দল, রানার্সআপ দল, বিচারক ও আমন্ত্রিত অতিথিদের ক্রেস্ট ও বিশেষ উপহার দেওয়া হয়।

সমকাল সুহৃদ সমাবেশের সদস্য, বিশিষ্ট বিতার্কিক ও আবৃত্তিকার অনিক হাসানের সঞ্চালনায় অনুষ্ঠানে উপস্থিত ছিলেন প্রতিযোগিতায় অংশ নেওয়া বিদ্যালয়গুলোর একজন করে সমন্বয়কারী শিক্ষক, অংশগ্রহণকারী শিক্ষার্থীদের অভিভাবকরা, সুহৃদ সভাপতি এনামুল আযীম, সাধারণ সম্পাদক ও মেহেরপুর কলেজ অব ইঞ্জিনিয়ারিং অ্যান্ড টেকনোলজির অধ্যক্ষ ফজলুল হক, মেহেরপুর সরকারি উচ্চ বিদ্যালয়ের প্রধান শিক্ষক মো. সিদ্দিকুর রহমান, সুহৃদের সহ-সভাপতি ওয়াজেদুল হক, প্রচার ও প্রকাশনা সম্পাদক সাব্বির হোসেন সোহাগ, সহ-সাধারণ সম্পাদক রামিজ আহসান, উপদেষ্টা ও সিনিয়র লেকচারার এম.এ. বাশার, এমসিইটি মেহেরপুর, মেহেরপুর প্রতিদিনের স্টাফ রিপোর্টার সাকিব হাসান রুদ্র, সুহৃদের সদস্য মো. আনিসুজ্জামান, মাসুদুল হাসান প্রমুখ।